



## জামায়াত আমিরের এক্স অ্যাকাউন্ট হ্যাকের অভিযোগে বঙ্গভবনের সহকারী আটক



আটক বঙ্গভবনের কর্মকর্তা ছরওয়ার। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের ভেরিফায়েড এক্স অ্যাকাউন্ট হ্যাকের ঘটনায় বঙ্গভবনের রাষ্ট্রপতি কার্যালয়ের সহকারী প্রোগ্রামার মোহাম্মদ ছরওয়ারে আলমকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

মঙ্গলবার দিবাগত রাতে তাকে হেফাজতে নেয়া হয়। ডিবি প্রধান অতিরিক্ত পুলিশ কমিশনার শফিকুল ইসলাম জানান, তাকে জিজ্ঞাসাবাদের জন্য আনা হয়েছে; তদন্তের অগ্রগতির ভিত্তিতে পরবর্তী সিদ্ধান্ত হবে। একই সময় মতিবিলের এজিবি কলোনিতেও অভিযান চালায় ডিবি, যেখানে হ্যাকিং-সংশ্লিষ্ট সূত্র খোঁজা হচ্ছে।

জামায়াতের দাবি, ৩১ জানুয়ারি বিকেলে ফিশিং মেইলের মাধ্যমে অ্যাকাউন্টের নিয়ন্ত্রণ নেয়া হয় এবং সেখান থেকে একটি আপত্তিকর পোস্ট দেওয়া হয়। তাদের আইটি টিম দ্রুত পাসওয়ার্ড পরিবর্তন করে নিয়ন্ত্রণ ফেরত আনে এবং বিষয়টি প্রকাশ্যে জানায়। এ ঘটনায় জিডি ও সংবাদ সম্মেলনও করা হয়।

দলটির অভিযোগ, ফিশিং মেইলটি একটি সরকারি ই-মেইল ঠিকানা থেকে পাঠানো হয়েছিল, যা বঙ্গভবনের সঙ্গে সংশ্লিষ্ট। এ বিষয়ে লিখিত অভিযোগ নিয়ে প্রতিনিধি দল বঙ্গভবনে গলে রাষ্ট্রপতির সামরিক সচিব জানান, সংশ্লিষ্ট সংস্থাগুলো তদন্ত করছে এবং দ্রুত প্রতিবেদন দেয়া হবে।